

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বহুস্পতিবার, সেপ্টেম্বর ২১, ১৯৯৫

৮ম খন্দ—বেসরকারী ব্যাংক এবং করপোরেশন কর্তৃক অর্থের বিনিয়য়ে জারীকৃত বিজ্ঞাপন ও
নোটিশসমূহ।

অগ্রণী ব্যাংক

প্রধান কার্যালয়

জর্তুবিল প্রাণিজ্যিক এলাকা
চাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ৩০শে জুন, ১৯৯৫/১৫ই খ্রাবণ ১৪০২

এস. আর. ও. নং ১৩২-আইন/৯৫—Bangladesh Bank (Nationalisation) Order, 1972 (P. O. No. 26 of 1972) এর Article-29 এ প্রদত্ত ক্ষমতাবলে অগ্রণী ব্যাংকের
বের্ড আব ডাইরেক্টর্স, সরকারের প্র্রেসেন্সেন্সেন্স, Agrani Bank (Employees) Service
Regulations, 1981 রহিত করিয়া নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

প্রথম অধ্যায়

সূচনা

১। সংক্ষিপ্ত শিল্পোনামা ও প্রয়োগ।—(১) এই প্রবিধানমালা অগ্রণী ব্যাংক কর্মচারী চাকুরী
প্রবিধানমালা, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা বিদেশের শাখা/অফিসসমূহে স্থানীয়ভাবে নিরোগকৃত কর্মচারী
ব্যাতিরেকে অগ্রণী ব্যাংকের সকল সার্বক্ষণিক কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে, তবে সরকার যা
স্থানীয় কর্তৃপক্ষ হইতে প্রেষণে নিয়োজিত অথবা খণ্ডকালীন ভিত্তিতে নিয়োজিত কর্মচারীদের
ক্ষেত্রে, এই প্রবিধানমালার কোন কিছু প্রযোজ্য বালিয়া তাহাদের চাকুরীর শর্তে স্পষ্ট উল্লিখিত
না থাকিলে, ইহা প্রযোজ্য হইবে না।

(৩০০১)

মূল্য : টাকা ১০.০০

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই প্রিবিধানমালার—

- (ক) “অসদাচরণ” অর্থ চাকুরীর শৃঙ্খলা বা নিয়মের হানিকর আচরণ, এবং কোন কর্মচারী
বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নয় এমন আচরণ এবং নিম্নবর্ণিত আচরণসমূহ ইহার
অন্তর্ভুক্ত হইবে, যথা:—
- (অ) উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্য;
- (আ) কর্তব্যে গুরুতর অবহেলা;
- (ই) আইনসংগত কারণ বাতিলেকে উপরস্থ কর্মকর্তার কোন আদেশ অথবা
নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন; এবং
- (ঈ) কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিবরণে বিচার বিবেচনাহীন, বিবরিতিকর,
মিথ্যা ও অসামান্য অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশ করা;
- (খ) “উপযুক্ত কর্তৃপক্ষ” অর্থ সংশ্লিষ্ট কার্যাদি নিষ্পত্তির জন্য উপযুক্ত কর্তৃপক্ষ
হিসাবে বোর্ড কর্তৃক মনোনীত কোন কর্তৃপক্ষ;
- (গ) “কর্তৃপক্ষ” অর্থ নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা উক্ত কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার
জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তা এবং উক্ত কর্মকর্তার উর্ধ্বতন কর্ম-
কর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;
- (ঘ) “কর্মকর্তা” অর্থ অগ্রণী ব্যাংকের কোন কর্মকর্তা;
- (ঙ) “কর্মচারী” অর্থ অগ্রণী ব্যাংকের কোন কর্মচারী এবং যে-কোন কর্মকর্তাও ইহার
অন্তর্ভুক্ত হইবেন;
- (চ) “ডিগ্রী”, “ডিলোমা” বা “সার্টিফিকেট” অর্থ, ক্ষেত্রমত, কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়,
স্বীকৃত বোর্ড বা স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিলোমা বা শিক্ষাগত
যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট;
- (ছ) “তফসিল” অর্থ এই প্রিবিধানমালার সহিত সংযোজিত তফসিল;
- (জ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ বোর্ড এবং কোন পদে নিয়োগের জন্য বোর্ড কর্তৃক
ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;
- (ঝ) “পদ” অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;
- (ঝঃ) “পলায়ন” অর্থ বিনা অনুমতিতে চাকুরী বা কর্তৃব্যাহ্ল ত্যাগ, অথবা ৬০ (ষাট)
দিন বা তদুক্ত সময় ব্যাপত কর্তৃব্য হইতে অনুপস্থিত, অথবা অনুমতিসহ কর্তব্যে
অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর ৬০ (ষাট) দিন বা তদুক্ত
সময় পুনঃ অনুমতি প্রাপ্ত ব্যাপক বাতিলেকে অনুপস্থিত, অথবা বিনা অনুমতিতে দেশ
ত্যাগ এবং ৩০ (তিশ) দিন বা তদুক্ত সময় অবস্থান, অথবা অনুমতিসহ দেশ
ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ৬০ (ষাট) দিন বা তদুক্ত
সময় বিদেশে অবস্থান;
- (ঠ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ কোন পদের জন্য তফসিলে উল্লেখিত যোগ্যতা;
- (ঠঃ) “বোর্ড” অর্থ অগ্রণী ব্যাংকের বোর্ড অব ডাইরেক্টরস;
- (ড) “ব্যাংক” অর্থ অগ্রণী ব্যাংক;
- (ঢ) “শিক্ষানবিস” অর্থ কোন শৰ্ন্য পদের বিপরীতে শিক্ষানবিস হিসাবে নিয়োগপ্রাপ্ত
কোন কর্মচারী;

(গ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” “স্বীকৃত বোর্ড” বা “স্বীকৃত প্রতিষ্ঠান” অথবা আপাততঃ বলবৎ কোন আইনের স্বার্য বা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই প্রিধানমালার উদ্দেশ্য প্রবণকল্পে বোর্ড কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠান ইহার অন্তর্ভুক্ত হইবে।

শিক্ষায় অধ্যায়

নিয়োগ পদ্ধতি, ইত্যাদি

৩। নিয়োগ পদ্ধতি।—এই অধ্যায়, তফসিল এবং সংবিধানের ১২৯ অনুচ্ছেদের বিধান অনুসারে সরকার কর্তৃক নির্ধারিত কোটা সংক্রান্ত বিধানাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে।

৪। বাছাই কর্মিটি।—সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগদানে সূপারিশ প্রদানের উদ্দেশ্যে বোর্ড এক বা একাধিক বাছাই কর্মিটি নিয়োগ করিবে এবং বাছাই কর্মিটির সূপারিশ ব্যাতিরেকে কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না।

৫। সরাসরি নিয়োগ।—(১) কোন বাস্তি কোন পদে সরাসরি নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন; অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিগ্রস্তিবশ্ব হইয়া থাকেন।

(২) কোন বাস্তি কোন পদে সরাসরিভাবে নিয়ুক্ত হইবেন না যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তাহার বয়সসীমা তফসিলে উল্লিখিত বয়সসীমার মধ্যে না হয়ঃ

তবে শর্ত থাকে যে, ব্যাংকের কর্ম নিয়ুক্ত আছেন এমন কোন প্রাথমীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হইবে।

(৩) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

(ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত বাস্তিকে বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নিয়ুক্ত চিকিৎসা পর্যন্ত বা চিকিৎসা কর্মকর্তা স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যায়ন করেন;

(খ) এইরূপ নির্বাচিত বাস্তির প্রবৰ্ব্ব কার্যকলাপ ঘটায়োগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, ব্যাংকের চাকুরীতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, দেশের মাজধানী হইতে প্রকাশিত অন্ততঃ দুইটি দৈনিক প্রতিকালীন বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহবান করিতে হইবে।

৬। পদোম্বতির মাধ্যমে নিয়োগ।—(১) এই প্রবিধানমালার অন্যান্য বিধান এবং তফসিলের বিধানবালী সাপেক্ষে, কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোম্বতির জন্য বিবেচনা করা বাইবে।

(২) কোন কর্মচারীর চাকুরীর ব্যাপ্তি (সার্ভিস রেকর্ড) সন্তোষজনক না হইলে তিনি পদোম্বতির মাধ্যমে কোন পদে নিয়োগের জন্য বিবেচিত হইবেন না।

(৩) কেবলমাত্র জ্যেষ্ঠতার কারণে কোন কর্মচারী অধিকার হিসাবে তাহার পদোম্বতি দাবী করিতে পারিবেন না।

৭। শিক্ষান্বিস।—(১) কোন স্থায়ী শ্রেণী পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে এক বৎসরের জন্য; এবং

(খ) পদোম্বতির ক্ষেত্রে, উক্ত তারিখ হইতে ছয় মাসের জন্য শিক্ষান্বিস হিসাবে নিয়োগ করা হইবে :

তবে শত^০ থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষান্বিসের শিক্ষান্বিস মেয়াদ অনধিক ছয় মাসের জন্য ব্যক্তি করিতে পারে।

(২) যেক্ষেত্রে কোন শিক্ষান্বিসের শিক্ষান্বিস মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষান্বিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোম্বতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোম্বতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষান্বিস মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষান্বিস মেয়াদ চলাকালে কোন শিক্ষান্বিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপর্যুক্ত (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষান্বিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিলনা, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোম্বতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোম্বতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষান্বিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যদি তিনি উক্ত পদে স্থায়ী হওয়ার জন্য কোন পরীক্ষা বা প্রশিক্ষণ নির্ধারিত থাকিলে উক্ত পরীক্ষায় পাস না করেন বা সফলতার সহিত প্রশিক্ষণ সম্পন্ন না করেন।

তৃতীয় অধ্যায়

চাকুরীর সাধারণ শর্তাবলী

৪। যোগদানের সময়।—(১) অন্য চাকুরীসহলে বদলীর ক্ষেত্রে বা ন্যূনতম পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথা :—

(ক) প্রস্তুতির জন্য ৬ (ছয়) দিন; এবং

(খ) দ্রুমণে অতিবাহিত প্রয়োজনীয় সময়।

তবে শর্ত থাকে যে, উপরি-উক্ত সময়ের মধ্যে সাধারণ ছুটির দিন অন্তর্ভুক্ত হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এ যাহা কিছু থাকুক না কেন, যেক্ষেত্রে বদলির ফলে বদলিক্ত কর্মচারীকে তাহার ন্যূনতম কর্মসহলে যোগদানের উল্লেখ্যে বাসস্থান পরিবর্তন করিতে হয় না, সেক্ষেত্রে ন্যূনতম কর্মসহলে যোগদানের জন্য একদিনের বেশী সময় দেওয়া হইবে না এবং এই উপ-প্রবিধানের উল্লেখ্য প্রয়োগকল্পে সাধারণ ছুটির দিনকেও উক্ত যোগদানের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে।

(৩) কোন বিশেষ ক্ষেত্রে, উপযুক্ত কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) ও (২) এর অধীনে প্রাপ্য যোগদান সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবেন।

(৪) কোন কর্মচারী এক চাকুরীসহল হইতে অন্য বদলী হইলে অথবা চাকুরীসহল পরিবর্তন করিতে হয় এমন কোন ন্যূনতম পদে নিরোগপ্রাপ্ত হইলে, তাহার প্রয়োজন চাকুরীসহল, অথবা যে স্থানে তিনি নিরোগের বা বদলীর আদেশ পাইয়াছেন, এই দ্রুমণের মধ্যে যে স্থান কর্মচারীর জন্য অধিকতর সুবিধাজনক হয় সে স্থান হইতে তাহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৫) কোন কর্মচারী এক চাকুরীসহল হইতে অন্য চাকুরী সহলে বা এক পদ হইতে অন্য পদে যোগদানের অন্তর্ভুক্তীকালীন সময়ে মেডিকেল সার্টিফিকেট পেশ না করিয়া ছুটি গ্রহণ করিলে, তাহার দায়িত্বভার হস্তান্তর করিবার পর হইতে ছুটি গ্রহণ পর্যন্ত যে সময় অতিবাহিত হয় তাহাও ছুটির অন্তর্ভুক্ত হইবে।

(৬) এক কর্মসহল হইতে অন্য কর্মসহলে বদলির ব্যাপারে এই প্রবিধানের বিধানাবলী অপর্যাপ্ত বলিয়া বিবেচিত হইলে সরকারী কর্মচারীদের বেলায় প্রযোজ্য বিধি বা আদেশ প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।

৯। বেতন, ও ভাতা।—সরকার বা সরকারের নির্দেশের আলোকে বোর্ড বিভিন্ন সময়ে ঘোষণা কর্মসূচির কর্মচারীদের বেতন ও ভাতা সেইরূপ হইবে।

১০। প্রারম্ভিক বেতন।—(১) প্রথম নিরোগের সময়ে সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত বেতন-ত্রয়োক সর্বনিম্ন বেতনই হইবে কোন কর্মচারীর প্রারম্ভিক বেতন।

(২) কোন ব্যক্তির বিশেষ মেধার স্বীকৃতিস্বরূপ সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে তাহাকে উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) সরকার উহার কর্মচারীদের বেতন সংরক্ষণের (প্রে-প্রটেকশন) উল্লেখ্যে সময় সময় যে নির্মেশাবলী জারি করে তদানুসারে ব্যাকের কর্মচারীদের বেতন সংরক্ষণ করা হইবে।

১১। পদোন্নতির ক্ষেত্রে বেতন।—কোন কর্মচারীর পদোন্নতির ক্ষেত্রে যে পদে তাহাকে পদোন্নতি প্রদান করা হয় সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে এবং উক্ত সর্বনিম্ন বেতন অপেক্ষা তাহার পুরাতন পদে প্রাপ্ত ক্ষেত্রের মেতন বেশী হইলে, উচ্চতর পদের জন্য বেতনক্রমে তাহার পুরাতন পদের মূল বেতনের অবাবহিত উপরের স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে।

১২। বেতন বর্ধন।—(১) বেতন বৃদ্ধি স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত হারে প্রত্যেক কর্মচারীর বেতন বর্ধন মজুর করা হইবে।

(২) যদি বেতন বৃদ্ধি স্থগিত রাখা হয়, তাহা হইলে উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয়, স্থগিতকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট আদেশে সেই মেয়াদ উল্লেখ করিবে।

(৩) কোন শিক্ষানবিস সাফল্যজনকভাবে শিক্ষানবিসকাল সমাপ্ত না করিলে, তিনি বেতন বৃদ্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য কর্তৃপক্ষ কোন কর্মচারীকে একসংগে অনাধিক ২ (দুই) টি বিশেষ বেতন বর্ধন মজুর করিতে পারিবেন।

(৫) যেক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতা-সীমা নির্ধারিত রাখিয়াছে, সেক্ষেত্রে কর্তৃপক্ষের সুনির্দিষ্ট অনুমোদন ব্যতীত তাহার দক্ষতা-সীমা অতিক্রম বা পরবর্তী বেতন বর্ধন অনুমোদন করা ষাইবে না।

১৩। জ্যোত্তা।—(১) এই প্রিবিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জ্যোত্তা সেই পদে তাহার যোগাদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কর্মটি কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকাভিত্তিক সূপ্তারিশ অনুসারে উক্ত কর্মচারীদের পারস্পরিক জ্যোত্তা স্থির করিবে।

(৩) একই পাঞ্জকাবণ্যে সরাসরি নিয়োগপ্রাপ্ত এবং পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগত জ্যোত্তা হইবে।

(৪) যেক্ষেত্রে একাধিক ব্যক্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হয় সেক্ষেত্রে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে সেই পদে জ্যোত্তার ভিত্তিতে উচ্চতর পদে তাহাদের পারস্পরিক জ্যোত্তা স্থির করা হইবে।

(৫) ব্যাংক ইহার কর্মচারীদের গ্রেডওয়ারী জ্যোত্তা তালিকা রক্ষণাবেক্ষণ করিবে এবং সময় সময় তাহাদের অবগতির জন্য উহা প্রকাশ করিবে।

১৪। প্রেষণ ও প্রবর্ষ্যতা।—(১) উপ-প্রাধিক (২) এর বিধানসাপেক্ষে, ব্যাংক যদি মচে করে যে, উহার কোন কর্মকর্তার পারদর্শিতা বা তৎকর্তৃক গ্রহণ বিশেষ প্রশংসকণ অন্য কোন সংবিধিবন্ধ সংস্থা, অতঃপর হাওলাত গ্রহণকারী সংস্থা বলিয়া উল্লিখিত এর জন্য প্রয়োজনীয়,

তাহা হইলে ব্যাংক এবং হাওলাত গ্রহীতা সংস্থার মধ্যে পারস্পরিকভাবে সম্মত মেয়াদে ও শর্তাধীনে হাওলাত গ্রহণকারী সংস্থার অন্তর্গত বা সাদৃশ্য পদে কর্মরত ধার্কিবার জন্য উক্ত কর্মচারীকে নির্দেশ দিতে পারে :

তবে শর্ত থাকে যে, কোন কর্মকর্তাকে তাহার সম্মতি ব্যাতিরেকে হাওলাত গ্রহীতা সংস্থার কর্মরত ধার্কিবার নির্দেশ দেওয়া যাইবে না।

(২) হাওলাত গ্রহণকারী সংস্থা ব্যাংকের কোন কর্মকর্তার চাকুরীর আবশ্যাকতা রাখিয়াছে বলিয়া বোধ করিলে অন্তর্গত আবশ্যাকতার কারণ বর্ণনা করিয়া অন্তর্বোধ জানাইবে এবং অন্তর্বোধ প্রাপ্তির পর ব্যাংক উক্ত কর্মকর্তার সম্মতি লইয়া হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃক উচিজ্ঞিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেষণের শর্তাবলী নির্ধারণ করিবে।

(৩) উপ-প্রিবিধান (২) এ যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও প্রেষণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত ধারিবে, যথা :—

(ক) প্রেষণের সময়কাল ব্যাতিক্রমী ক্ষেত্রে ছাড়া, ৩ (তিনি) বৎসরের অধিক হইবে না;

(খ) ব্যাংকের চাকুরীতে কর্মকর্তার প্রবর্স্বত্ব সংরক্ষিত ধারিবে এবং প্রেষণের সময়কাল শেষ হইবার পর অথবা তৎপৰেই ইহার অবসান ঘটিলে তিনি বাংকে প্রত্যাবর্তন করিবেন ;

(গ) হাওলাত গ্রহীতা সংস্থা কর্মকর্তার ভবিষ্য তহবিল ও পেনশন তহবিল, যদি থাকে, বাবদ প্রাপ্য অর্থ পরিশোধের নিশ্চয়তা বিধান করিবে।

(৪) কোন কর্মচারী প্রেষণে থাকাকালে, তিনি ব্যাংকে পদোন্নতির জন্য বিবেচনাযোগ্য হইলে তাহার পদোন্নতির বিষয় অন্যান্যদের সংগে একত্রে বিবেচনা করা হইবে এবং পদোন্নতি প্রদত্ত পদে তাহার করিবার জন্য তাহাকে ব্যাংকে প্রত্যাবর্তন কর্যাত্মক হইতে হইবে।

(৫) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে তাহার পদোন্নতি কার্যকর করার উদ্দেশ্যে ব্যাংক তাহাকে ফেরত চাহিলে, তিনি যদি যথাসময়ে ফেরত না আসেন, তবে পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যোত্তা তাহার প্রকৃত যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(৬) যদি কোন কর্মকর্তাকে হাওলাত গ্রহীতা সংস্থার স্বার্থে প্রেষণে ধার্কিবার অন্মতি দেওয়া হয়, তাহা হইলে প্রেষণে থাকাকালে উক্ত কর্মকর্তাকে পদোন্নতি দেওয়া যাইতে পারে, এবং এরপ ক্ষেত্রে কোন আর্থিক সুবিধা ছাড়াই সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য নিয়ম অন্যান্য পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যোত্তা রক্ষা করা হইবে।

(৭) শাংখলাম্বলক বাবস্থার ব্যাপারে হাওলাত গ্রহীতা সংস্থা প্রেষণে কর্মরত কর্মকর্তার বিবরণ শাংখলাম্বলক কার্যক্রম সংচনা করার উদ্দেশ্যে ব্যাংকের ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, যে অবস্থার পরিস্থিতিতে শাংখলাম্বলক কার্যক্রম সংচনা করা হইয়াছে, তাহা হাওলাত গ্রহণকারী সংস্থা ব্যাংককে অবিলম্বে অবহিত করিবে।

(৮) প্রেষণে কর্মরত কোন কর্মকর্তার বিবরণে সংচিত শাংখলাম্বলক কার্যধারায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী সংস্থা যদি এইরূপ মত প্রেরণ করে যে তাতাব উপর কোন দণ্ড আবোপ করা আবশ্যিক, তাহা হইলে উক্ত সংস্থা রেকর্ডসমূহ ব্যাংকের নিকট প্রেরণ করিবে এবং অতঙ্গের ব্যাংক যেইরূপ প্রয়োজন বলিয়া মনে করে সেইরূপ আদেশ প্রদান করিবে।

চতুর্থ অধ্যায়

ছুটি, ইত্যাদি

১৫। ছুটি।—(১) কোন কর্মচারীকে নিম্নবর্ণিত যে কোন ধরণের ছুটি প্রদান করা যাইতে পারে, যথা :—

- (ক) প্রাৰ্ব্বেতনে ছুটি;
- (খ) অৰ্থবেতনে ছুটি;
- (গ) বিনাবেতনে অসাধারণ ছুটি;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;
- (ঙ) সংগ্ৰোধ ছুটি;
- (চ) প্ৰস্তুতি ছুটি;
- (ছ) অধ্যয়ন ছুটি;
- (জ) নৈমিত্তিক ছুটি; এবং
- (ঝ) অবসৱ-প্ৰস্তুতি ছুটি।

(২) উপযুক্ত কৃত্যক কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি বাস্তুত অন্যান্য ছুটি মঞ্চৰ কৰিতে পারে এবং ইহা সাধারণ ছুটিৰ দিনেৰ সহিত সংযুক্ত কৰিয়াও প্রদান কৰা যাইবে।

(৩) ৰোড়েৰ প্ৰাৰ্ব্বন্মোদন লইয়া উপযুক্ত কৃত্যক বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঞ্চৰ কৰিতে পারে।

১৬। প্ৰাৰ্ব্বেতনে ছুটি।—(১) প্ৰাতোক কর্মচারী তৎকৰ্ত্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কামৰ্দিবসেৰ ১০:১১ হাঁপু প্ৰাৰ্ব্ব বেতনে ছুটি অৰ্জন কৰিবেন এবং প্ৰাৰ্ব্ব বেতনে প্ৰাপ্ত এককালীন ছুটিৰ পৰিমাণ ৪ (চাৰ) মাসেৰ অধিক হইবে না।

(২) উপ-প্ৰতিবিধান (১) এৰ অধীন অৰ্জিত ছুটিৰ পৰিমাণ ৪ (চাৰ) মাসেৰ অধিক হইলে, তাহা সংশ্লিষ্ট কৰ্মচারীৰ হিসাবে অন্য খাতে জমা দেখানো হইবে এবং উহা হইতে ডাঙুৱাৰী সাটিফিকেট উপস্থাপন সাপেক্ষে অথবা বাংলাদেশেৰ বাহিৱে ধৰ্মীয় সফৱ, অধ্যয়ন, অবকাশ বা চিত্ৰ-বিনোদনেৰ জন্য প্ৰাৰ্ব্ব বেতনে ছুটি মঞ্চৰ কৰা যাইতে পারে।

১৭। অৰ্থবেতনে ছুটি।—(১) প্ৰাতোক কর্মচারী তৎকৰ্ত্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কামৰ্দিবসেৰ ১০:১১ হাঁপু অৰ্থ বেতনে ছুটি অৰ্জন কৰিবেন এবং এইৱৰ্গ ছুটি জমা হওয়াৰ কোন সৰ্বীয় থাকিবে না।

(২) অৰ্থ বেতনে ২ (দুই) দিনেৰ ছুটিৰ পৰিবেতে ডাঙুৱাৰী সাটিফিকেট দাখিল সাপেক্ষে, ১ (এক) দিনেৰ প্ৰাৰ্ব্ব বেতনে ছুটিতে রূপান্তৰিত কৰা যাইতে পারে এবং এইৱৰ্গ ছুটি সৰ্বোচ্চ ১২ (বার) মাস হইতে পারে।

১৮। প্রাপ্তাবিহীন ছুটি।—(১) কর্মচারী সাটিফিকেট স্বারা সমর্থিত হইলে, কোন কর্মচারীকে তাহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ ১২ (বার) মাস পর্যন্ত, এবং অন্য কোন কারণে হইলে, ৩ (তিনি) ঘাস পর্যন্ত, অর্ধ বেতনে প্রাপ্তাবিহীন ছুটি মঙ্গুর করা যাইতে পারে।

(২) কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার পূর্বেই প্রাপ্তাবিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসিলে, তিনি উক্ত ভোগকৃত ছুটির সমান ছুটি পাইবার অধিকারী না হওয়া পর্যন্ত নিম্নভাবে উপ-প্রবিধান (১) এর অধীন কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

১৯। বিনা বেতনে অসাধারণ ছুটি।—(১) যখন কোন কর্মচারীর কোন ছুটি পাওনা না থাকে, অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে বিনা বেতনে অসাধারণ ছুটির জন্য আবেদন করেন, তখন তাহাকে বিনা বেতনে অসাধারণ ছুটি মঙ্গুর করা যাইতে পারে।

(২) বিনা বেতনে অসাধারণ ছুটির মেয়াদ একবারে ৩ (তিনি) মাসের অধিক হইবে না, তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বর্ধিত করা যাইতে পারে, যথা:—

(ক) যেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুর্মাতা প্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে ৫ (পাঁচ) বৎসরের জন্য তিনি বাংকে চাকুরী করিবেন। অথবা

(খ) যেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন; অথবা

(গ) যেক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ এই মর্যাদা সমৃত্ত হয় যে, কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে কর্তব্যে যোগদান করিতে অসমর্থ।

(৩) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে ভ্রাতাপেক্ষ কার্যকারিতাসহ বিনা বেতনে অসাধারণ ছুটিতে রূপান্তরিত করিতে পারে।

২০। বিশেষ অক্ষমতাজনিত ছুটি।—(১) কোন কর্মচারী তাহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণামতে অথবা তাহার পদে অধিষ্ঠিত ধার্যকারীর কারণে আঘাতপ্রাপ্ত হইয়া অক্ষম হইলে, উপযুক্ত কর্তৃপক্ষ তাহাকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করিতে পারে।

(২) যে অক্ষমতার কারণে অক্ষমতাজনিত ছুটি চাওয়া হইল সেই অক্ষমতা ৩ (তিনি) মাসের মধ্যে প্রকাশ না পাইলে, এবং যে বাস্তি অক্ষম হন, সেই বাস্তি অন্তর্গত অক্ষমতার কারণ আবিলম্বে উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা হইবে না।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বিলিয়া এন্ড উদ্দেশ্যে বোর্ড কর্তৃক মনোনীত চিকিৎসক প্রত্যয়ন করিবে সেই মেয়াদের জন্য উক্ত ছুটি মঙ্গুর করা হইবে, এবং উক্ত চিকিৎসকের প্রত্যয়ন বাস্তরেকে তাহা বর্ধিত করা হইবে না এবং উক্ত ছুটি কোনক্রমেই ২৪ (চার্বিশ) মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন ছুটির সংগে সংযুক্ত করা যাইতে পারে।

(৫) যদি একই ধরণের অবস্থায় প্রবর্তীকালে কোন সময় অক্ষমতা বাস্তি পায় বা উহার প্রয়োজন ঘটে তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা যাইবে তবে অন্তর্গত ছুটির পরিমাণ ২৪ (চার্বিশ) মাসের অধিক হইবে না এবং তাহা যে কোন একটি অক্ষমতার কারণেও মঙ্গুর করা যাইবে।

(৬) শুধুমাত্র আনুভোয়িকের এবং যে ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্ত হয় সে ক্ষেত্রে অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং উহা ছুটির হিসাব হইতে বিরোজন করা হইবে না।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিচৰূপ, যথা—

(ক) উপ-প্রবিধান (৫) এর অধীনে মঞ্চুরীকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির ৪ (চার) মাসের জন্য প্রাৰ্থ বেতন; এবং

(খ) এইরূপ কোন ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অধী বেতন।

(৮) এই প্রবিধানের অন্যান্য বিধানসম্মত প্রযোজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্পূর্ণরূপ করা যাইতে পারে, যিনি তাহার যথাযথ কর্তব্য পালনকালে, বা উহা পালনের পরিণতিতে, অথবা তাঁহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে, দ্রুতনাবশতঃ আবাতপ্রাপ্ত হইয়াছেন অথবা যিনি নির্দিষ্ট কোন কর্তব্য পালনকালে তাহার পদের স্বাভাবিক ধৰ্মীক বহির্ভূত অসুস্থিতা বা জরুর বাড়াইয়া তোলার সম্ভাবনা থাকে, এইরূপ অসুস্থিতা বা জরুরের দরূণ অক্ষম হইয়াছেন।

২১। সংগৰোধ ছুটি (Quarantine Leave)—(১) কোন কর্মচারীর পরিবারে বা গ্রহে সংক্রামক ব্যাধি থাকার কারণে যদি আদেশ স্বার্থে তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়, তবে যে সময়ের জন্য উক্তরূপ নির্দেশ কার্যকর থাকে, সেই সময়কাল হইবে সংগৰোধ ছুটি।

(২) অফিস প্রধান কোন চিকিৎসক কর্মকর্তা বা জনস্বাস্থ কর্মকর্তার সাঠিফিকেটের ভিত্তিতে অন্ধু ২১ (একশ) দিন অথবা অস্বাভাবিক অবস্থায় ৩০ (ত্রিশ) দিনের জন্য সংগৰোধ ছুটি মঞ্চুর করিতে পারেন।

(৩) সংগৰোধের জন্য উপ-প্রবিধান (২) এ উক্তিখন্ত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে, উহা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এই প্রবিধানমালার অধীন অন্য কোন প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) এই প্রবিধানমালা অন্যায়ী প্রাপ্ত ছুটি সাপেক্ষে প্রয়োজন হইলে অন্যাবধি ছুটির সহিত সংগৰোধ ছুটি ও মঞ্চুর করা যাইতে পারে।

(৫) সংগৰোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অন্পস্থিত বালিয়া গণ্য করা হইবে না, এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হন তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২২। প্রস্তুত ছুটি—(১) কোন কর্মচারীকে প্রাৰ্থ বেতনে সর্বাধিক ৩ (তিনি) মাস পর্যন্ত প্রস্তুত ছুটি মঞ্চুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রস্তুত ছুটির মঞ্চুরীর অন্তর্বৰ্তী কোন নিবন্ধিত চিকিৎসক কর্তৃক সমর্থ্বত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনা মতে কর্মচারীর প্রাপ্ত্য অন্য যে কোন ছুটির সহিত একত্রে বা সম্পূর্ণরূপ করিয়া মঞ্চুর করা যাইতে পারে।

(৩) বাংকে চাকুরী জীবনে কোন কর্মচারীকে ২ (দুই) বারের অধীক্ষ প্রস্তুত ছুটি মঞ্চুর করা যাইবে না।

২৩। অবসর প্রস্তুতি ছুটি।—(১) অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি হিসাবে কোন কর্মচারী ১ (এক) বৎসর ছুটি ভোগ করিতে পারেন।

(২) উপ-প্রাধিন (১) এর অধীন ছুটি ভোগ করা কালে কোন কর্মচারী তাহার সর্বশেষ বেতনের হিসাবে ৬ (ছয়) মাসের পূর্ণ বেতন এবং বাকী ৬ (ছয়) মাস উক্ত সর্বশেষ বেতনের অর্ধেক বেতন পাইবেন।

(৩) উপ-প্রাধিন (২) এর অধীনে অবসর প্রস্তুতি ছুটি মঞ্জুরীর পর কোন কর্মচারীর অর্জিত ছুটি প্রাপ্ত থাকিলে তিনি অর্জিত ছুটির অনুধিক ১২ (বার) মাস পর্যন্ত নগদায়ন গ্রহণ করিতে পারিবেন।

(৪) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে ১ (এক) মাস পূর্বে অবসর প্রস্তুতি ছুটির জন্য আবেদন করিবেন।

(৫) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে একদিন পূর্বে অবসর প্রস্তুতি ছুটিতে যাইবেন।

২৪। অধ্যয়ন ছুটি।—(১) ব্যাংকে চাকুরীর জন্য সহায়ক হইতে পারে এইরূপ বিষয়াদি অধ্যয়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কোন কর্মচারীকে উপযুক্ত কৃত্তপক্ষ অধ্যয়নে অনুধিক ১২ (বার) মাস অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারে এবং এইরূপ ছুটি তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া হইবে না।

(২) যে ক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয় এবং তিনি পরবর্তীকালে দেখিতে পান যে, মঞ্জুরীকৃত ছুটির মোয়াদ অধ্যয়ন বা প্রশিক্ষণ বা পরীক্ষার জন্য প্রয়োজনীয় মোয়াদ অপেক্ষা কম, সে ক্ষেত্রে সময়ের স্বল্পতা প্রৱাগকল্পে উক্ত কৃত্তপক্ষ তাহাকে অনুধিক ১ (এক) বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মোয়াদ বর্ধিত করিতে পারিবে।

(৩) পূর্ণ বেতনে বা অধ্য বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত একত্রে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা যাইতে পারে, তবে এইরূপ মঞ্জুরীকৃত ছুটি কোনভাবেই একত্রে মোট ২ (দুই) বৎসরের অধিক হইবে না।

২৫। নৈমিত্তিক ছুটি।—(১) সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা বৎসরে মোট বর্তাদিন নৈমিত্তিক ছুটি নির্ধারণ করিবে কর্মচারীগণ মোট ততাদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

(২) কোন কর্মচারীকে একসংগে ১০ (দশ) দিনের বেশী নৈমিত্তিক ছুটি দেওয়া যাইবে না।

(৩) নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবার জন্য কোন আন্তর্ভুক্তি আদেশ বা বিজ্ঞপ্তি জারী করিবার অথবা এই ছুটি চাকুরীর ব্যান্ত বিহিতে লিপিবদ্ধ করিবার প্রয়োজন হইবে না।

(৪) নৈমিত্তিক ছুটি প্রতিটি পঞ্জিকা বৎসরের মধ্যেই গ্রহণীয় হইবে এবং কোন পঞ্জিকা বৎসরের অব্যায়িত নৈমিত্তিক ছুটি এই বৎসরের ০১শে ডিসেম্বর তারিখে তামাদি হইবা যাইবে।

(৫) নৈমিত্তিক ছুটি সাম্প্রতিক বা সাধারণ ছুটির দিনসহ ধারাবাহিকতা রক্ষা করিয়া গ্রহণ করা যাইতে পারে, তবে নৈমিত্তিক ছুটির মরবতী সময় সাম্প্রতিক ছুটির দিন বা সাধারণ ছুটির দিন হইলে, সমগ্র সময়টি (সাম্প্রতিক বা সাধারণ ছুটিসহ) নৈমিত্তিক ছুটি হিসাবে গণ্য হইবে, যদি উহার পরিমাণ সর্বাধিক প্রাপ্ত নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশী না হয়, এবং বেশী হইলে উক্ত সম্পূর্ণ সময়কাল, প্রাপ্ত সাপেক্ষে, প্রাৰ্থ বা অর্ধ বেতনে অর্জিত ছুটিতে পরিগত হইবে, আর ঐরূপ ছুটি পাওনা না থাকিলে উহা বিনা বেতনে অসাধারণ ছুটিতে পরিগত হইবে।

(৬) নৈমিত্তিক ছুটি অন্য কোন ছুটির সাহিত ব্যৱস্থা করা যাইবে না এবং নৈমিত্তিক ছুটির মেয়াদ বৰ্ধিত করা হইলে যদি সমগ্র সময়টি (প্রথমে মঙ্গলবৰ্ষাকৃত নৈমিত্তিক ছুটির সময়সহ) পাওনা এবং একবারে গ্রহণীয় নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশী হয়, তাহা হইলে উহা উপ-প্রাবিধিক (৫) অনুসারে অর্জিত ছুটিতে পরিগত হইবে এবং অন্য কোন প্রকার ছুটি পাওনা না থাকিলে, বিনা বেতনে অসাধারণ ছুটিতে পরিগত হইবে।

(৭) যোগদানের দিনের সংগে ব্যৱস্থা করিয়া নৈমিত্তিক ছুটি গ্রহণ করা যাইবে না।

(৮) এক দফায় গ্ৰহণীত নৈমিত্তিক ছুটি এক পঞ্জিকা বৎসর হইতে পৰবতী পঞ্জিকা বৎসরে সম্পূর্ণারিত হইতে পারিবে:

তবে শৰ্ত থাকে যে, উক্ত ছুটির সর্বাধিক পরিমাণ একবারে গ্রহণীয় নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশী হইবে না, এবং এই ছুটির যে কৱাদিন ডিসেম্বর মাসে পাঠিবে সেই কৱাদিনের নৈমিত্তিক ছুটি সংশ্লিষ্ট বৎসরে পাওনা থাকিতে হইবে এবং উক্ত ছুটির বাকী অংশ পৰবতী বৎসরের নৈমিত্তিক ছুটি হিসাবে গণ্য হইবে।

২৬। ছুটির পদ্ধতি।—(১) প্রত্যেক কৰ্মচারীর ছুটির হিসাব বোর্ড কৰ্তৃক নির্ধারিত নিয়মে ও পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন বোর্ড কৰ্তৃক নির্ধারিত ফরমে অথবা সাদা কাগজে উপযুক্ত কৰ্তৃপক্ষের নিকট দাখিল কৰিতে হইবে।

(৩) আবেদনকারী কৰ্মচারী যে কৰ্মকর্তাৰ অধীনে কৰ্মৱত আছেন তাহার সুপ্রারিশত্বে উপযুক্ত কৰ্তৃপক্ষ ছুটি মঙ্গল কৰিতে পারে।

(৪) বিশেষ পরিস্থিতিতে, কোন কৰ্মকর্তা যদি এই মৰ্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কৰ্মৱত কোন কৰ্মচারীর ছুটি পাওনা রাহিয়াছে, তবে তিনি আনন্দঘানিক মঙ্গলী আদেশ সাপেক্ষে, তাহাকে অনুৰ্ধ্ব ১৫ (পন্থ) দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে পারেন।

(৫) স্বাস্থ্যগত কারণে কোন কৰ্মচারীকে ছুটি মঙ্গল কৰিবার অথবা মঙ্গলবৰ্ষাকৃত ছুটির মেয়াদ বাড়াইবার প্ৰাৰ্থ উপযুক্ত কৰ্তৃপক্ষ ইচছা কৰিলে কৰ্তৃপক্ষ নির্দেশিত কোন চিকিৎসা কৰ্তৃপক্ষের প্রত্যয়ন পঞ্চ সংগ্রহ কৰিবার নির্দেশ দিতে পারে।

(৬) কোন কৰ্মচারীর অস্বস্থার ব্যাপারে কৰ্তৃপক্ষ কৰ্তৃক নির্দেশিত চিকিৎসা কৰ্তৃপক্ষের মতামত চাওয়া হইলে মেডিকাল সার্টিফিকেটের ভিত্তিতে ছুটির আবেদন বা ছুটির মেয়াদ বৃল্ধিৰ আবেদন মঙ্গল কৰা যাইতে পারে।

(৭) কৰ্তৃপক্ষ কৰ্তৃক নির্দেশিত চিকিৎসা কৰ্তৃপক্ষের নিকট হইতে গ্ৰহণীত মেডিক্যাল সার্টিফিকেট পেশ কৰা মাত্ৰই ছুটি প্রাপ্তিৰ অধিকার অর্জিত হইবে না এবং ছুটি মঙ্গলকারী কৰ্তৃপক্ষের নিকট মেডিক্যাল সার্টিফিকেট পেশ কৰিয়া উক্ত কৰ্তৃপক্ষের নির্দেশের অপেক্ষার থাকিতে হইবে।

(৮) বাংলাদেশের বাহিরে ছুটিতে অবস্থানকারী কোন কর্মচারীর চিকিৎসার থাকার কারণে ছুটির মেয়াদ ব্যাখ্যার আবেদনের সংগে সংশ্লিষ্ট চিকিৎসকের প্রত্যয়ন পত্র ব্যক্ত করিতে হইবে।

(ক) কোন রাজনৈতিক আলোচনে অংশগ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে চাঁদা দান এবং অনুচ্ছ কর্মচারীর শারীরিক অবস্থা সম্পর্কে বিস্তারিত বিবরণ থাকিতে হইবে।

২৭। ছুটিকালীন বেতন।—(১) কোন কর্মচারী প্র্যাণী বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের প্র্যাণী তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অর্থ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের প্র্যাণী তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অর্থ হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(৩) ছুটি যে দেশেই কাটানো হউক, ছুটির বেতন বাংলাদেশী টাকায় বাংলাদেশে প্রাপ্ত হইবে:

তবে শর্ত থাকে যে, বাতিক্রমী ক্ষেত্রে বাংলাদেশের বাহিরে ছুটি কাটিবার বেলায় কোন কর্মচারীকে, কর্তৃপক্ষের সূপ্রারিশক্রমে, সরকার কর্তৃক আরোপিত শর্ত অনুযায়ী, যদি থাকে, ছুটির বেতন বা উহার অংশবিশেষ বৈদেশিক মূল্যের প্রদান করিবার সিদ্ধান্ত কর্তৃপক্ষ গ্রহণ করিতে পারে।

২৮। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো।—ছুটি ভোগরাত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার প্র্যাণী দায়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে এবং তাহাকে অনুরূপভাবে তলব করা হইলে, তিনি যে কর্মসূলী ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উল্লেখ্যে রওয়ানা হওয়ার তারিখ হইতে তাহাকে কর্মসূল বলিয়া গণ্য করা হইবে এবং এতদৃশেশ্যে দ্রমণের জন্য তিনি দ্রমণ ভাতা পাইবার অধিকারী হইবেন।

২৯। ছুটির নগদায়ন।—(১) যে কর্মচারী অবসর ভাতা বা ভৱিষ্য তহবিলের স্বীকৃতি প্রাপ্তির জন্য সিদ্ধান্ত গ্রহণ করেন নাই, তিনি, তাহার সম্পূর্ণ চাকুরীকালের জন্য সর্বাধিক ১২ (বার) মাস পর্যন্ত প্রতি বৎসরে প্রত্যাখ্যাত ছুটির ৫০% নগদ টাকায় রূপান্তরিত করার জন্য অনুমতি পাইতে পারেন।

(২) সর্বশেষ মূল বেতনের ভিত্তিতে উপ-প্রবিধান (১) এ উল্লেখিত ছুটি নগদ টাকায় রূপান্তরিত করা যাইবে।

পঞ্চম অধ্যায়

ভাতা ইত্যাদি

৩০। দ্রমণ ভাতা, ইত্যাদি।—কোন কর্মচারী বাংলাদেশের অভ্যন্তরে তাহার দায়িত্ব পালনার্থে দ্রমণকালে, বা বদলী উপলক্ষে দ্রমণকালে, সরকারের নির্দেশাবলীর আলোকে কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত হার ও শর্তাবলী অনুযায়ী দ্রমণ ভাতা ও দৈনিক ভাতা পাইবার অধিকারী হইবেন।

৩১। সম্মানী, ইত্যাদি।—(১) যাঁক উহার কোন কর্মচারীকে সামরিক প্রক্রিতিক এবং শ্রমসাধ্য কোন কর্ম সম্পাদন এবং ব্যাংকিং ডিলোগো প্রীক্ষা পাসের জন্য সম্মানী হিসাবে নগদ অর্থ বা অন্য কোন প্রুদ্যোম প্রদান করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে কোন সম্মানী বা নগদ অথ' প্রস্তর মঞ্জুর করা হইবে না, যদি এতদৃশ্যে গঠিত কর্মটি কর্তৃক তাহা সম্পাদিত না করা হয়।

৩২। দায়িত্ব ভাতা।—কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ২১ (একুশ) দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অর্তিরিক্ত দায়িত্ব হিসাবে সমমানের বা উচ্চতর কোন পদের দায়িত্ব পালন করিলে তাহাকে মূল বেতনের শতকরা ২০ ভাগ হারে দায়িত্ব-ভাতা প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, এতদৃশ্যে জারীকৃত সরকারী নীতিমালার পরিপন্থীভাবে উক্ত ভাতা গ্রহণ করা যাইবে না।

৩৩। উৎসব ভাতা।—সরকার কর্তৃক এতদৃশ্যে সময়ে সময়ে জারীকৃত সরকারী আদেশ মোতাবেক ব্যাংকের কর্মচারীগণকে উৎসব ভাতা ও বোনাস প্রদান করা হইবে।

৩৪। গ্রহনির্মাণ স্বীকৃতি।—ব্যাংক উহার কর্মকর্তা ও কর্মচারীদের গ্রহনির্মাণ করা, কার ও মোটর সাইকেল ক্রয় করার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সুন্দের খণ্ডের স্বীকৃতি প্রদান করিতে পারিবে।

ষষ্ঠ অধ্যায়

চাকুরীর ব্যৱস্থা

৩৫। চাকুরীর ব্যৱস্থা।—(১) প্রথক প্রথকভাবে প্রত্যেক কর্মচারীর জন্য চাকুরীর ব্যৱস্থা রক্ষণাবেক্ষণ করা হইবে এবং ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্দিষ্ট চাকুরী বহি সংরক্ষিত হইবে।

(২) কোন কর্মচারী কর্তৃপ্রাপ্ত কর্মকর্তাৰ উপনিষত্যতে প্রতি বৎসরে একবার তাহার চাকুরী বহি দেখিতে পারিবেন এবং এইরূপ দেখিবার পর তিনি উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখপূর্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বহি পরিদর্শনকালে উহাতে কোন ভুল বা বিলম্বিত দেখিতে পান, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য ১৫ (পন্থ) দিনের মধ্যে বিষয়টি লিখিত-ভাবে কর্তৃপ্রাপ্ত কর্মকর্তাৰ দ্বিতীয়গোচর করিবেন এবং উক্ত কর্মকর্তা চাকুরী বহিতে প্রয়োজনীয় সংশোধন করিবেন।

৩৬। বার্ষিক প্রতিবেদন।—(১) কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কাৰ্য এবং তাহাদের আচরণ সম্পর্কি বার্ষিক প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি উপযুক্ত কর্তৃপক্ষ প্রস্তুত করিবেন এবং উক্ত প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে; এবং বিশেষ ক্ষেত্ৰে, প্রয়োজনবোধে, উপযুক্ত কর্তৃপক্ষ কোন নির্দিষ্ট কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন প্রতিবেদনকাৰী কর্মকর্তাৰ নিকট হইতে চাহিতে পারিবেন।

(২) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না, কিন্তু উহাতে কোন বিৱৰণ মুক্তব্য থাকিলে, উহার কৈফিৱত প্রদানের কিংবা তাহার নিজেকে সংশোধনের সূৰ্যোগ দেওয়া হইবে।

সংক্ষিপ্ত অধ্যয়া

সাধারণ আচরণ ও শৃঙ্খলা

৩৭। সাধারণ আচরণ ও শৃঙ্খলা।—(১) প্রতোক কর্মচারী—

- (ক) এই প্রবিধানমালা মানিয়া চলিবেন;
- (খ) যে বাস্তু বা বাস্তবগৈরি এখতায়ার, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ নিয়োজিত রহিয়াছেন তাহার বা তাহাদের দ্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পালন এবং মানিয়া চলিবেন; এবং
- (গ) সতত, নিষ্ঠা ও অধাবসায়ের সহিত বাংকের চাকুরী করিবেন।

(২) কোন কর্মচারী—

এবং উক্ত কর্মচারী চিকিৎসকের স্বাক্ষর সত্যায়িত করিবেন এবং প্রত্যয়ন পত্রে অস্বীকৃতার প্রকৃতি বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং বাংকের স্বার্থের পরিপন্থী কোন কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না;

- (খ) তাহার অবাবহিত উর্ধ্বতন কর্মকর্তার প্র্ব অন্মতি বাতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরী স্থল ত্যাগ করিবেন না;
- (গ) বাংকের সহিত লেন-দেন রহিয়াছে কিংবা লেন-দেন থাকার সম্ভাবনা রহিয়াছে এমন বাস্তবের নিকট হইতে কোন দান গ্রহণ করিবেন না;
- (ঘ) কোন বীমা কোম্পানীর এজেন্ট হিসাবে কাজ করিবেন না;
- (ঙ) কোন বাবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন বাস্তব প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন ব্যবসা পরিচালনা করিবেন না;
- (চ) উপর্যুক্ত কর্তৃপক্ষের প্র্ব অনুমোদন বাতিরেকে বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না; এবং
- (ছ) সরকার বা উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদন বাতিরেকে অন্য কোন খণ্ডকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।

(৩) কোন কর্মচারী বাংকের বোর্ড-এর নিকট বা উহার কোন সদস্যের নিকট সরাসরি কোন বাস্তবগত নিবেদন পেশ করিতে পারিবেন না এবং কোন নিবেদন থাকিলে তাহা কর্মচারীর অবাবহিত উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।

(৪) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবীর সংর্থনে উপর্যুক্ত কর্তৃপক্ষ বা উহার কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা বাহিরের কোন প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।

(৫) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে ইস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন মন্ত্রীর অর্পণাপত্র হইবেন না।

(৬) কোন কর্মচারী বাংকের বিষয়াদি লইয়া সংবাদপত্র বা অন্য কোন গণমাধ্যমের সহিত সরাসরি কোন বোগায়োগ স্থাপন করিবেন না।

(৭) প্রতোক কর্মচারী অভ্যাসগতভাবে খণ্ডগ্রস্ততা পরিহার করিবেন।

৩৮। দশের ডিঙ্গি—কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী—

- (ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন; অথবা
- (খ) অসদাচারগের দায়ে দোষী হন; অথবা
- (গ) পলায়নের দায়ে দোষী হন; অথবা
- (ঘ) অদক্ষ হন, অথবা দক্ষতা হারাইয়া ফেলেন; অথবা
- (ঙ) নিম্নবর্ণিত কারণে দুর্নীতি পরায়ণ হন বা ঘৃন্তসংগতভাবে দুর্নীতি পরায়ণ বলিয়া বিবেচিত হন, যথা:—

 - (অ) তিনি বা তাহার কোন পোষ্য বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন বাস্তু তাহার প্রকাশ আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ হয় এইরূপ অথ সম্পদ বা সম্পত্তি দখলে রাখেন এবং তাহা অর্জনের যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন;
 - (আ) তাহার প্রকাশ্য আয়ের সংগে সংগতি রক্ষা না করিয়া জীবনযাপন করেন; অথবা
 - (চ) চৰি, আভসাং, তহবিল তসরুফ বা প্রতারণার দায়ে দোষী হন; অথবা
 - (ছ) ব্যাংক বা ব্যাট্টের বিবর্ধে নাশকতামূলক বা ক্ষতিকর কার্য লিপ্ত হন, বা অন্যরূপ কার্য লিপ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ করার ঘৃন্তসংগত কারণ থাকে, এবং সে কারণে তাহাকে চাকুরীতে রাখা ব্যাংক বা জাতীয় নিরাপত্তার জন্য ক্ষতিকর বলিয়া বিবেচিত হয়,

তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড আরোপ করিতে পারে।

৩৯। দণ্ডসমূহ।—(১) এই প্রাবিধানের অধীনে নিম্নোক্ত দণ্ডসমূহ আরোপযোগ্য হইবে, যথা:—

(ক) লঘুদণ্ডঃ

- (অ) তিরস্কার:
- (আ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন বর্ধন স্থগিত রাখা;
- (ই) ৭ (সাত) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা কর্তন।

(খ) গুরুদণ্ডঃ—

- (অ) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নস্তরে অবনতকরণ;
- (আ) কর্মচারী কর্তৃক সংঘটিত ও প্রমাণিত অপসারণ এর আর্থিক ক্ষতির অংশ-বিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদায়করণ;
- (ই) চাকুরী হইতে অপসারণ; এবং
- (ঈ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) চাকুরী হইতে অপসারণের ক্ষেত্রে নহে, বরং চাকুরী হইতে বরখাস্তের ক্ষেত্রে, কোন কর্মচারী ভবিষ্যতে ব্যাংকের চাকুরী প্রাপ্তির আয়োগ বলিয়া প্রতিপন্থ হইবেন।

৪০। নাথকতাম্বলক, ইত্যাদি কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) প্রবিধান ৩৮(ছ)-তে উল্লিখিত কার্যকলাপের জন্য কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধরা সূচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ—

- (ক) সংশ্লিষ্ট কর্মচারীকে নির্ধিত আদেশ স্বারা উক্ত আদেশে উল্লিখিত তারিখ হইতে তাহার প্রাপ্ত ছুটিতে বাইবার জন্য নির্দেশ দিতে পারে;
- (খ) উক্ত কর্মচারীর বিরুদ্ধে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করিবে, সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ভিত্তিসমূহ সম্পর্কে তাহাকে নির্ধিতভাবে অবহিত করিবে; এবং
- (গ) উপ-প্রবিধান (২) এর অধীনে অভিযোগ তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটির নিকট প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে ঘৃণ্ণসংগত স্বযোগ প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে উয়েস্ট কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হয় যে, বাংলাদেশের নিরাপত্তার স্বার্থে তাহাকে অন্তর্গত স্বযোগ প্রদান সমীচীন নহে, সেক্ষেত্রে তাহাকে অন্তর্গত স্বযোগ প্রদান করা হইবে না।

(২) যেক্ষেত্রে উপ-প্রবিধান ১(গ) অনুসারে তদন্ত কমিটি গঠনের প্রয়োজন হয়, সেক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযুক্ত কর্মচারীর পদমর্যাদার নিম্নে নহেন এমন তিনি জন কর্মচারীর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিয়া কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রাপ্তিবেদন আকারে পেশ করিবে এবং কর্তৃপক্ষ উক্ত প্রাপ্তিবেদনের উপর যেইরূপ উপযুক্ত বিজ্ঞয় মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

৪১। লঘুদলের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) এই প্রবিধানমালার অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধরা সূচনা করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি অভিযুক্ত পোষণ করে যে, তাহার বিরুদ্ধে অভিযোগ প্রয়োগিত হইলে তাহাকে ত্রিমুক্ত অপেক্ষা কঠোরতর কোন দণ্ড প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ—

- (ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আন্তী অভিযোগসমূহ তাহাকে নির্ধিতভাবে জানাইবে এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির ৭ (সাত)টি কার্যদিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ত দেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কি না তাহা জানাইবার জন্য নির্দেশ প্রদান করিবে; এবং
- (খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত, যদি কিছু থাকে, বিবেচনা করিবে এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগত শুনানীর স্বযোগ দেওয়ার পর, অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লঘুদণ্ড প্রদান করিতে পারে:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে, অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানী দেওয়ার পর তাহার পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া প্রতিবেদন দাখিল করার জন্য উক্ত কর্মকর্তাকে নির্দেশ দিতে পারিবে।

(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাইবার পর কর্তৃপক্ষ তৎসম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবে অথবা, প্রয়োজন মনে করিলে, অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারিবে।

(৩) অধিকতর তদন্তের আদেশ দেওয়া হইলে, উহার প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৪) যেক্ষেত্রে প্রতিধান ৩৮ এর মধ্য (ক) বা (খ)তে উল্লিখিত কার্যকলাপের জন্য কোন কর্মচারীর বিরুদ্ধে কোন কার্যধারা সচলনা করিতে হয় এবং কর্তৃপক্ষ যদি এই অভিযোগ পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হইলে অভিযুক্তকে তিনম্বার দণ্ড প্রদান করা যাইতে পারে, সেক্ষেত্রে—

- (ক) কর্তৃপক্ষ অভিযুক্ত বাস্তিকে বাস্তিগত শুননার সুযোগ দান করাতঃ উক্ত দণ্ড আরোপ করিতে পারে; অথবা
- (খ) অভিযুক্ত বাস্তিকে উপস্থিত না হইলে বা উপস্থিত হইতে অস্বীকার করিলে, কর্তৃপক্ষ—
- (অ) শুননার বাতিরেকেই অভিযুক্ত বাস্তির উপর দণ্ডারোপ করিতে পারিবে; অথবা
- (আ) উপ-প্রতিধান (১) ও (২) এ বর্ণিত পদ্ধতি অনস্মরণ করার পর অভিযোগ প্রমাণিত হইলে, অভিযুক্ত বাস্তিকে প্রতিধান ৩৯(১)(ক)তে বর্ণিত বে কোন লঘুদণ্ড আরোপ করিবে;
- (গ) লিখিতভাবে অভিযোগ জানাইবার জন্য অভিযুক্ত বাস্তি দাবী করিলে, কর্তৃপক্ষ উপ-প্রতিধান (১) হইতে (৩) এ বর্ণিত পদ্ধতি অনস্মরণ করিবে এবং অভিযোগ প্রমাণিত হইলে প্রতিধান ৩৯(১)(ক)তে বর্ণিত বে কোন দণ্ড প্রদান করিবে।

